দৈনিক জনকণ্ঠ

তারিখ 25 DEC 1998

পৃষ্ঠা ৪ কলাম ৫

# নিরক্ষরতা দূর করতে 'বিকশিত গাইবান্ধা' কর্মসূচী চালু

গাইবান্ধা, ২৪ ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা) ॥ নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত হতে 'বিকশিত গাইবান্ধা'র আওতায় গাইবান্ধা জেলায় সার্বিক সাক্ষরতা আন্দোলনের কর্মসূচী এগিয়ে চলছে। এই কর্মসূচীর আওতায় ৪ লাখ ৩৭ হাজার ৪শ' ৩৮ জন নিরক্ষর পুরুষ ও মহিলাকে শিক্ষাদান করা হবে।

দেশের মধ্যে সবচেয়ে পিছিয়েপড়া গাইবান্ধাকে শিক্ষার আলোয় বিকশিত করে তোলার লক্ষ্যে সার্বিক সাক্ষরতা আন্দোলন "বিকশিত গাইবান্ধা" নামে একটি ভিন্নধর্মী কর্মসূচী চালু করা হয়েছে। এই কর্মসূচী সফল করার লক্ষ্যে জেলায় ৭ হাজার ৪২টি পুরুষ ও ৭ হাজার ৫শ' ৪২টি মহিলা শিক্ষা কেন্দ্র চালু করা হয়েছে। প্রতিটি কেন্দ্রে ৩০ জন পুরুষ অথবা মহিলাকে শিক্ষাদান করা হবে। আর এই কর্মসূচীতে যাদের অন্তর্ভুক্ত করা হয়েছে, তাদের বয়স ১১ থেকে ৪৫ বছর।

শিক্ষাদানের জন্য ১৪ হাজার ৫শ' ৮৪ জন শিক্ষক এবং ৯শ' ৭২ জন সুপারভাইজার নিয়োগ করা হয়েছে।